

প্রাথমিক শিক্ষা সপ্তাহ শুরু হচ্ছে আজ

নিজস্ব প্রতিবেদক

আজ রবিবার থেকে শুরু হচ্ছে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ। দুই বছর পর প্রাথমিক ও পশুশিক্ষা মন্ত্রণালয় এ সপ্তাহ পালন করতে থাকে। করে পড়ার হার রোধ, শ্রেষ্ঠ শিক্ষকদের সম্মাননা প্রদানসহ নানা কর্মসূচি পালিত হয়ে থাকে এ সপ্তাহে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সকাল ১০টায় এসময়ানী সূতি মিলনায়তনে এ সপ্তাহের উদ্বোধন ঘোষণা করবেন। শিক্ষা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের বেতন ছেল উন্নীতকরণ এবং তাঁদের পদমর্যাদা বৃদ্ধির ঘোষণা দিতে পারেন বলে প্রাথমিক ও পশুশিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি শিক্ষা সপ্তাহের সাক্ষা কামনা করেন। বাণীতে তিনি বলেন, 'তথ্যপ্রযুক্তি-নির্ভর সমৃদ্ধ বাংলাদেশ পড়ার মাফে সরকার ঘোষিত রূপকল্প ২০২১' বাস্তবায়নে সুশিক্ষিত, দক্ষ ও কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মসূচী দক্ষ জনশক্তি একান্ত প্রয়োজন। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, সরকার সম্মিলিত এবং সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে এ রূপকল্পের আওতায় ২০১৪ মালের মধ্যে বিদ্যালয় পছন্দাপথোপী সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি এবং নিরক্ষরমুক্ত বাংলাদেশ পড়ার যে প্রত্যয় বাস্তব করা হয়েছে সেই লক্ষ্যমাত্রায় পৌঁছানো সম্ভব।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেন, তথ্যপ্রযুক্তি-নির্ভর আধুনিক জাতি গঠনের পাশাপাশি দেশের সুখ ও টেকসই উন্নয়ন ত্বরান্বিত করতে আমাদের সুশিক্ষিত ও দক্ষ জনগোষ্ঠী প্রয়োজন। এ জন্য আমাদের সরকার প্রাথমিক শিক্ষার ওপর সর্বাধিক গুরুত্বারোপ করেছে।

প্রধানমন্ত্রী প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে গৃহীত সব কর্মসূচির সার্বিক সাক্ষা কামনা করে বলেন, আমি আশা করি, শিক্ষাসহ অন্যান্য ক্ষেত্রে সৃষ্টিত অগ্রযাত্রার ধারাবাহিকতায় রূপকল্প-২০২১ বাস্তবায়ন সম্ভব হবে।